এই আবেদনপত্রে অন্য সব প্রোগ্রামের জন্য SSN প্রয়োজন, সেগুলির জন্য SSN সংগ্রহ আবশ্যক এবং নিচের যেকোনো একটি বা একাধিক আইন অনুযায়ী তা অনুমোদিত: সামাজিক নিরাপত্তা আইন (42 মার্কিন কোড 405) এর সেকশন 205(c), সামাজিক নিরাপত্তা আইন (42 মার্কিন কোড 1320b-7) এর সেকশন 1137 এবং গোপনীয়তা আইন 1974 এর সেকশন 7(a)(2)। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার নির্দেশাবলী বই (PUB-1301 পুরো স্টেটে) দেখুন বা আপনার সামাজিক সেবা জেলার সাথে কথা বলুন।

আপনার পরিবার সহায়তা বা সুবিধা ভোগের জন্য উপযুক্ত কিনা বা আপনাদের প্রাপ্ত সহায়তা বা সুবিধা অব্যাহত রাখা হবে কিনা তা নির্ণয় করতে আমরা এই সংগৃহিত তথ্য ব্যবহার করবো। এই তথ্য ব্যবহার করা হবে পরিচয় চেক করতে, উপার্জিত ও অনুপার্জিত আয় যাচাই করতে, আবেদনকারী বা প্রাপকের নিরুদ্দেশ পিতা মাতা স্বাস্থ্য সেবা পেতে পারে কিনা তা নির্ণয় করা, আবেদনকারী বা প্রাপক চাইল্ড বা স্বামী/স্ত্রীর সমর্থন পেতে পারে কিনা তা নির্নয় করা, এবং আবেদনকারী বা প্রাপক অর্থ বা অন্য সাহায্য পেতে পারে কিনা তা নির্নয় করা। আমরা কম্পিউটার ম্যাচিং প্রোগ্রাম দিয়ে এই তথ্যের সত্যতা যাচাই করবো। এই তথ্য প্রোগ্রামের নিয়ম মেনে চলা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করতে এবং প্রোগ্রাম ব্যবস্থাপনার জন্যও ব্যবহৃত হবে। আপনি আমাদের যে তথ্য দিয়েছেন তা এভাবে ব্যবহার করা ছাড়াও, স্টেট হোম এনার্জি অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Home Energy Assistance Program, HEAP) থেকে সুবিধা পাওয়া সব মানুষের পরিসংখ্যান তৈরির জন্যও এই তথ্য ব্যবহার করবে (নিচে দেখুন)।

আইন এড়াতে পালিয়ে যাওয়া ব্যক্তিদের আটক করার উদ্দেশ্যে এই তথ্যটি অন্যান্য স্টেট ও ফেডারেল সংস্থার আনুষ্ঠানিক পরীক্ষার জন্য এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদের কাছে প্রকাশ করা যেতে পারে। SSN-সহ, পরিবার সহায়তা এবংসেফটি নেট সহায়তার জন্য আবেদনকারীর সংগৃহীত তথ্যগুলি জুরি পুল গঠনে সহায়তা করার জন্য ব্যবহার করা যেতে পারে। যদি আপনার পরিবারের বিরুদ্ধে একটি SNAP দাবি উত্থাপিত হয়, তাহলে সব SSN-সহ এই আবেদনের তথ্য ফেডারেল ও স্টেটের সংস্থাগুলির সাথে সাথে ব্যক্তিগত দাবির সংস্থান সংস্থাগুলির কাছে দাবি সংগ্রহের পদক্ষেপের জন্যও উল্লেখ করা যেতে পারে।

উপযুক্ত নয় পরিবারের এমন সদস্যদের SSNও ব্যবহার করা হবে এবং উপরের পদ্ধতিতে প্রকাশ করা হবে।

আপনি আমাদের যে তথ্য দিয়েছেন তা এভাবে ব্যবহার করা ছাড়াও, স্টেট HEAP থেকে সুবিধা পাওয়া সব মানুষের পরিসংখ্যান তৈরির জন্যও এই তথ্য ব্যবহার করবে। সামাজিক সেবা জেলা তাদের সম্ভাব্য সর্বোত্তম কাজ করছে তা নিশ্চিত করার জন্য তথ্যগুলি স্টেটের মাণ নিয়ন্ত্রণের জন্য ব্যবহার করা হয়। এটি আপনার শক্তি সরবরাহকারী যাচাই এবং বিক্রেতাদের নির্দিষ্ট অর্থ প্রদান করতে ব্যবহৃত হয়।

বৈষম্য না করার বিজ্ঞপ্তি – এই প্রতিষ্ঠানটির জন্য জাতি, বর্ণ, জাতীয় উৎস, অক্ষমতা, বয়স, লিঙ্গ এবং কিছু ক্ষেত্রে ধর্ম বা রাজনৈতিক বিশ্বাসের ভিত্তিতে বৈষম্যমূলক সিদ্ধান্ত গ্রহণ নিষিদ্ধ।

মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (United States Department of Agriculture, USDA), USDA দ্বারা পরিচালিত বা অর্থায়িত কোনো প্রোগ্রাম বা কার্যকলাপে জাতি, বর্ণ, জাতীয় উৎস, লিঙ্গ, ধর্মীয় দল, অক্ষমতা, বয়স, রাজনৈতিক বিশ্বাস বা বিপর্যয় বা পূর্ববর্তী নাগরিক অধিকার কার্যকলাপের জন্য বৈষম্য নিষিদ্ধ করে।

অক্ষম মানুষ যাদের প্রোগ্রাম তথ্যের জন্য বিকল্প যোগাযোগ মাধ্যম প্রয়োজন (যেমন, ব্রেইল, বড় অক্ষরে ছাপানো, অডিওটেপ, মার্কিন সাইন ল্যাঙ্গুয়েজ ইত্যাদি) তারা যেই (স্থানীয় বা স্টেটের) এজেন্সির কাছে সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করেছে তাদের সাথে যোগাযোগ করা। যারা বধির, কানে কম শুনে বা বাক প্রতিবন্ধী তারা (800) 877-8339 এ ফোন করে ফেডারেল রিলে সার্ভিস (Federal Relay Service) এর মাধ্যমে USDA-এর সাথে যোগাযোগ করতে পারবে। পাশাপাশি, প্রোগ্রামের তথ্য ইংরেজি ছাড়া অন্য ভাষায় পাওয়া যেতে পারে।

সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রামে (SNAP) বৈষম্যের অভিযোগ দাখিল করতে, USDA প্রোগ্রাম বৈষম্য অভিযোগ ফর্ম (USDA Program Discrimination Complaint Form), (AD-3027) পূরণ করুন, যা অনলাইনে পাওয়া যাবে এখানে: http://www.ascr.usda.gov/complaint_filing_cust.html, এবং যেকোনো USDA অফিসেও পাওয়া যাবে, অথবা USDA কে একটি চিঠি লিখুন এবং চিঠিতে সেই সব তথ্য দিন যা ফর্মে চাওয়া হয়েছে। অভিযোগ ফর্মের একটি অনুলিপি অনুরোধ করতে, ফোন করুন (866) 632-9992। USDA কে আপনার সম্পূর্ণ ফর্ম বা চিঠি জমা দিন:

(1) চিঠির মাধ্যমে: U.S. Department of Agriculture (মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ)
Office of the Assistant Secretary for Civil Rights (অফিস ফর অ্যাসিস্টেন্স সেক্রেটারি ফর সিভিল রাইটস)
1400 Independence Avenue, SW
ওয়াশিংটন ডিসি 20250-9410

(2) ফ্যাক্স (202) 690-7442; অথবা

(3) ইমেইল: program.intake@usda.gov.

সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (SNAP) বিষয়গুলির সাথে সম্পর্কিত অন্যান্য তথ্যের জন্য, যোগাযোগ করুন USDA SNAP হটলাইন নম্বর (800) 221-5689 এ, যা স্প্যানিশ ভাষায়ও রয়েছে, অথবা স্টেট তথ্য/হটলাইন নাম্বার (স্টেটের হটলাইন নম্বরের তালিকা দেখার জন্য লিঙ্কটিতে ক্লিক করুন) এ ফোন করুন; অনলাইনে পাওয়া যাবে: http://www.fns.usda.gov/snap/contact_info/hotlines.htm।

মার্কিন ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (U.S. Department of Health and Human Services, HHS) এর মাধ্যমে প্রাপ্ত ফেডারেল আর্থিক সহায়তা কোনো প্রোগ্রামে বৈষম্যের অভিযোগ দাখিলের জন্য, HHS পরিচালক, অফিস অব সিভিল রাইটস, কক্ষ 515-F, 200 ইন্ডিপেন্ডেন্স এভিনিউ,S.W., ওয়াশিংটন, ডিসি 20201 এর কাছে লিখুন, অথবা ফোন করুন (202) 619-0403 (ভয়েস) বা (800) 537-7697 (TTY) এ।

প্রতিষ্ঠানটি সমান সুযোগ প্রদানকারী একটি প্রতিষ্ঠান।

নিউ ইয়র্ক স্টেট লিঙ্গ পরিচয়, ট্রান্সজেন্ডার স্ট্যাটাস, লিঙ্গ ডিসফোরিয়া, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, বৈবাহিক অবস্থা, সামরিক অবস্থা, গৃহ নির্যাতনের শিকার, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থা, জেনেটিক বৈশিষ্ট্য, পূর্বে গ্রেফতার বা অপরাধ প্রমাণের রেকর্ড, পারিবারিক অবস্থা, এবং বেআইনী বৈষম্যমূলক অনুশীলন বিরোধিতার উপর ভিত্তি করে বৈষম্য নিষিদ্ধ করে।

তদন্তের জন্য সম্মতি – আমি পাবলিক অ্যাসিস্টেন্স (PA), মেডিকেইড, সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (SNAP), হোম এনার্জি সহায়তা প্রোগ্রাম সুবিধা, সেবা বা চাইল্ড কেয়ার সহায়তার জন্য আমার অনুরোধের সাথে সম্পর্কিত যেসব তথ্য প্রদান করেছি তা যাচাই বা নিশ্চিত করার জন্য সব ধরনের তদন্তের জন্য সম্মতি দিচ্ছি। প্রয়োজনে আমি আরো তথ্য প্রদান করবো। যেকোনো PA এবং/অথবা SNAP মাণ নিয়ন্ত্রণ রিভিউ এর ব্যাপারে স্টেট বা ফেডারেল কর্মকর্তাকে আমি সম্পূর্ণভাবে সহযোগিতা করবো।

আমি SNAP এর জন্য আবেদন করছি এটি বোঝার পর যে সামাজিক সেবা জেলা আমার আবেদনটি তদন্ত করার জন্য আয় এবং যোগ্যতা যাচাইকরণ পদ্ধতির মাধ্যমে পাওয়া তথ্য ব্যবহার করবে এবং কোনো ফাঁক পাওয়া গেলে যথাযথ স্থানে যোগাযোগ করে তথ্য যাচাই করবে। আমি বুঝি যে এই তথ্য SNAP এবং/অথবা SNAP সুবিধার মাত্রার জন্য আমার উপযুক্ততাকে প্রভাবিত করতে পারে।

গোপনীয় বেকারত্ব বীমা তথ্য প্রকাশের সম্মতি – নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) এর বেকারত্ব বীমা (Unemployment Insurance, UI) সংক্রান্ত প্রয়োজনে DOL দ্বারা পরিচালিত যেকোনো গোপনীয় তথ্য প্রকাশ করার জন্য আমি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (Department of Labor, DOL)-কে অনুমোদন দিচ্ছি। UI সুবিধার দাবী এবং মজুরি রেকর্ড এই তথ্যের অন্তর্ভুক্ত। আমি বুঝি যে OTDA ও সামাজিক সেবা জেলা অফিসে কর্মরত স্টেট ও স্থানীয় এজেন্সির কর্মীরা, পাবলিক অ্যাসিস্টেন্স, মেডিকেইড, সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম, হোম এনার্জি সহায়তা প্রোগ্রাম, চাইল্ড কেয়ার সহায়তা প্রাপ্তি বা পরিমাণের জন্য উপযুক্ততা প্রতিষ্ঠা বা যাচাই করার জন্য UI তথ্য ব্যবহার করবে এবং আমি যে সুবিধাগুলি পেয়েছি তার মধ্যে কোনটি আমি অন্যায্যভাবে পেয়েছি কিনা তা নির্ধারণ করার জন্য তদন্তের জন্য ব্যবহার করবে। OTDA নিউ ইয়র্ক স্টেট অফিস অব চিল্ড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services, OCFS) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health, DOH)-কেও এই তথ্য প্রদান করবে। OCFS চাইল্ড কেয়ার সহায়তা প্রোগ্রাম পর্যবেক্ষণের জন্য এই তথ্য ব্যবহার করবে।

সেবা প্রদানকারীদের কাছে তথ্য প্রকাশ – আমি সামাজিক সেবা জেলা এবং নিউ ইয়র্ক স্টেটকে অনুমতি দিচ্ছি তারা আমার সেবা পাওয়ার যোগ্যতা যাচাই করার জন্য বা স্টেট বা স্থানীয় ঠিকাদার প্রদত্ত প্রোগ্রাম পরিচালনা সম্পর্কিত মূল্য পরিশোধের জন্য, আমার বা আমার পরিবারের কোনো সদস্যের পাওয়া পাবলিক অ্যাসিস্টেন্স বা সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রামের সুবিধা সম্পর্কিত তথ্য, ব্যবহার করতে পারবে, যা করার আইনগত অনুমোদন আমার আছে। সেবাগুলির মধ্যে অন্তর্গত হতে পারে, আমার বা আমার পরিবারের সদস্যদের চাকরি পাওয়া এবং ধরে রাখার জন্য চাকরির নিয়োগ বা প্রশিক্ষণ সেবা, তবে সেবা এতে সীমাবদ্ধ থাকবে না।

পরিবর্তন সম্পর্কে জানানো – আমি আমার ঠিকানা, প্রয়োজন, আয়, সম্পত্তি, শারীরিকভাবে সক্ষম প্রাপ্তবয়স্ক যার উপর কেউ নির্ভরশীল নয় (able-bodied adult without dependents, ABAWD) অবস্থা, গর্ভাবস্থার বা জীবনযাপন ব্যবস্থার ব্যাপারে আমার জানামতে সঙ্ঘটিত যেকোনো পরিবর্তন সম্পর্কে **অবিলম্বে** এজেন্সিকে জানাতে রাজি আছি।

যদি আমি চাইল্ড কেয়ার সহায়তার জন্য আবেদন করি, তাহলে আমি আমার পারিবারিক আয়, আমার বাড়িতে কে বাস করে, চাকরি, চাইল্ড কেয়ার ব্যবস্থা বা অন্যান্য পরিবর্তনগুলি যা আমি যে পরিমাণ সুবিধা পাচ্ছি তা পেতে আমার যোগ্যতাকে প্রভাবিত করতে পারি সে ব্যাপারে আমার জানামতে সঙ্ঘটিত যেকোনো পরিবর্তন সম্পর্কে **অবিলম্বে** এজেন্সিকে জানাতে রাজি আছি।

পেনাল্টি – পাবলিক অ্যাসিস্টেন্স, মেডিকেইড, সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম, সেবা বা চাইল্ড কেয়ার সহায়তা ("সহায়তা, সুবিধা বা সেবা") চেয়ে আবেদন করার সময় আপনি যদি মিথ্যা বলেন, বা আপনার উপযুক্ততা নিয়ে যেকোনো প্রশ্নের সময় মিথ্যা বলেন, বা কাউকে আপনার হয়ে বলতে বাধ্য করেন তাহলে ফেডারেল ও স্টেট আইন অনুযায়ী আপনার জরিমানা, শাস্তি বা উভয়ই হতে পারে। আপনি যদি আপনার বা অন্য কারো জন্য সহায়তা, সুবিধা বা সেবা পেতে তথ্য লুকান বা উপযুক্ততা সম্পর্কে তথ্য প্রকাশে ব্যর্থ হন তাহলে আপনার শাস্তি হতে পারে। আপনি যদি একজন অনুমোদিত প্রতিনিধি হন

তবে এই ধরনের সহায়তা, সুবিধা বা সেবা নিজের জন্য ব্যবহার করতে পারবেন না। ফেডারেল এবং স্টেট আইন অনুযায়ী যে কোনও ব্যক্তি বা ব্যক্তির স্বামী/স্ত্রীর দ্বারা ন্যায্য বাজারের মূল্যের চেয়ে কম মূল্যে সম্পত্তির স্থানান্তর হয়ে থাকে, সেই ব্যক্তির প্রথম মাসে নার্সিং সুবিধা পাওয়ার 60 মাসের মধ্যে মাসের মধ্যে হয় এবং যিনি মেডিকেইডের জন্য একটি আবেদন করেছেন তিনি নার্সিং বা বাড়িতে যত্ন পাওয়ার জন্য অনুপযুক্ত হতে পারেন। তথ্য লুকানো বা মিথ্যা তথ্য সরবরাহ করে সহায়তা, সুবিধা, সেবা গ্রহণ করা বেআইনী।

সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম এ অযোগ্য হওয়ার পেনাল্টি – SNAP এর জন্য আপনি যেই তথ্য দিবেন তা ফেডারেল, স্টেট এবং স্থানীয়ভাবে তদন্ত করা হবে। কোন তথ্য ভুল হলে, আপনি SNAP বেনিফিট বঞ্চিত হতে পারেন। আপনি যদি জেনেশুনে ভুল তথ্য সরবরাহ করেন যা আপনার যোগ্যতা বা বেনিফিটের পরিমাণ প্রভাবিত করতে পারে তাহলে আপনি ফৌজদারি মামলার আসামি হতে পারেন। জ্ঞাতভাবে ব্যবহার, স্থানান্তর, অধিগ্রহণ, পরিবর্তন বা SNAP অনুমোদন কার্ড বা অ্যাক্সেস ডিভাইস রাখার অপরাধে দোষী সাব্যস্ত হওয়া যে কোনও ব্যক্তির 250,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা, 20 বছর জেল বা উভয় হতে পারে। ব্যক্তিটির বিরুদ্ধে ফেডারেল এবং স্টেট আইন অনুযায়ী প্রসিকিউশন হতে পারে। কেউ প্রবেশন বা প্যারোলের শর্ত লঙ্ঘন করলে, বা প্রসিকিউশন, হেফাজত বা জালিয়াতি করে পালাচ্ছে এমন কেউ SNAP সুবিধা পাওয়ার যোগ্য নয়।

যদি আপনি সুবিধা পেতে বা অধিকতর সুবিধা পেতে কোনও মিথ্যা বা বিভ্রান্তিকর বিবৃতি দিয়ে থাকেন, তথ্য গোপন করেন, SNAP সুবিধা ব্যবহার করে কিছু কিনে নগদ অর্থ পাওয়ার জন্য জিনিসটি ফেলে কন্টেইনারটি ফেরত দিয়ে প্রদত্ত অর্থ ফেরত নেন; বা SNAP সুবিধা, অনুমোদন কার্ড বা ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) এর বার বার ব্যবহার করার মত নথি ব্যবহার, পরিবেশন, হস্তান্তর, অর্জন, পাওয়া, মালিকানা পাওয়া বা ট্র্যাফিকিং করার জন্য ফেডারেল বা স্টেট আইন ভঙ্গ করেন তাহলে আপনি SNAP এর অযোগ্য এবং ইন্টেনশনাল প্রোগ্রাম ভায়োলেশন (IPV) করছেন। পাশাপাশি, নিম্নলিখিতগুলি বিষয়গুলি অনুমোদিত নয় এবং এগুলি করলে আপনি SNAP সুবিধা গ্রহণ অযোগ্য হতে পারেন এবং/অথবা আপনার শাস্তি হতে পারে:

- অ্যালকোহল বা সিগারেটের মতো অ-খাদ্য সামগ্রী কিনতে SNAP সুবিধা ব্যবহার করা;
- পূর্বে ক্রেডিট দিয়ে কেনা খাদ্যের মূল্য পরিশোধ করতে SNAP সুবিধা ব্যবহার করা;
- নগদ, আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ বা বিস্ফোরক, বা মাদকদ্রব্য বা আপনার SNAP পরিবারের সদস্য না এমন ব্যক্তিদের জন্য খাদ্য কেনার বিনিময়ে অন্য কাউকে আপনার EBT কার্ড ব্যবহার করার অনুমতি দেওয়া; বা
- কার্ড মালিকের সম্মতি ছাড়া আপনার নয় এমন EBT কার্ড ব্যবহার করা বা রাখা।

যেই ব্যক্তি একটি প্রশাসনিক অযোগ্যতা শুনানির মাধ্যমে বা একটি ফেডারেল, স্টেট বা স্থানীয় কোর্টের মাধ্যমে IPV-এর জন্য দোষী সাব্যস্ত হবেন, বা একটি প্রশাসনিক অযোগ্যতা শুনানিতে বা অযোগ্যতা সম্মতি চুক্তিতে স্বাক্ষরের মাধ্যমে অধিকার ত্যাগ করবেন, তার SNAP সুবিধা বন্ধ রাখা হবে:

- প্রথম SNAP IPV-এর জন্য 12 মাস;
- দ্বিতীয় SNAP IPV-এর জন্য 24 মাস;
- প্রথম SNAP IPV-এর জন্য 24 মাস যা আদালতের এই তথ্য খুঁজে পাওয়ার উপর ভিত্তি করে যে ব্যক্তি নিয়ন্ত্রিত পদার্থ বিক্রয় (অবৈধ ওষুধ বা নির্দিষ্ট ওষুধের যার জন্য কোন ডাক্তারের প্রেসক্রিপশনের প্রয়োজন হয়) বিক্রয়ের সাথে জড়িত একটি লেনদেনের জন্য SNAP সুবিধা ব্যবহার করেছেন; অথবা
- নিজের পরিচয় ও ঠিকানা সম্পর্কে ভুয়া তথ্য দিলে 120 মাস যদি তারা একটি তৃতীয় SNAP IPV-এর জন্য স্থায়ীভাবে অযোগ্য না হয়ে থাকেন।
  পাশাপাশি, আদালত অতিরিক্ত 18 মাস ধরে SNAP তে অংশগ্রহণ ব্যক্তির জন্য নিষিদ্ধ করতে পারে।

SNAP সুবিধা পেতে একজন ব্যক্তিকে স্থায়ীভাবে অযোগ্য ঘোষণা করা যেতে পারে যদি:

- প্রথম SNAP IPV-এর জন্য যা আদালতের এই তথ্য খুঁজে পাওয়ার উপর ভিত্তি করে প্রদত্ত যে ব্যক্তি আগ্নেয়াস্ত্র,গোলাবারুদ বা বিস্ফোরক বিক্রয়ের সাথে জড়িত একটি লেনদেনের জন্য SNAP সুবিধা ব্যবহার করেছেন; অথবা
- প্রথম SNAP IPV যা আদালতের এই তথ্য খুঁজে পাওয়ার উপর ভিত্তি করে প্রদত্ত যে ব্যক্তি 500 মার্কিন ডলারের বেশি মূল্যের SNAP সুবিধা ট্র্যাফিকিং (অবৈধ ব্যবহার, হস্তান্তর, অর্জন, পরিবর্তন বা SNAP অনুমোদন কার্ড বা অ্যাকসেস ডিভাইস রাখা) করেছেন;
- দ্বিতীয় SNAP IPV-এর জন্য যা আদালতের এই তথ্য খুঁজে পাওয়ার উপর ভিত্তি করে প্রদত্ত যে ব্যক্তি আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ বা বিস্ফোরক বিক্রয়ের সাথে জড়িত একটি লেনদেনের জন্য SNAP সুবিধা ব্যবহার করেছেন; অথবা
- একটি তৃতীয় SNAP IPV।

বাড়ির ব্যয় বিবরণী রিপোর্ট / যাচাই করার আবশ্যকতা – এই ব্যয়গুলির জন্য সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম SNAP কর্তন পেতে আপনার পরিবারকে অবশ্যই সন্তানের যত্ন এবং ইউটিলিটির খরচ রিপোর্ট করতে হবে। এই ব্যয়গুলির জন্য SNAP কর্তন পেতে আপনার পরিবারকে ভাড়া /বন্ধকী পেমেন্ট, সম্পত্তি কর, বীমা, মেডিক্যাল খরচ এবং পরিবারের বাইরের সদস্যকে চাইল্ড সাপোর্ট প্রদানের রিপোর্ট/সত্যতা দিতে হবে। উপরে উল্লেখিত খরচ রিপোর্ট / যাচাই করাতে ব্যর্থ হলে এটি ধারণা করা হবে যে আপনার পরিবার এই রিপোর্ট/ যাচাই না করা খরচের জন্য কর্তন ছাড় পেতে চান না। এই ব্যয়গুলির কর্তনের কারনে আপনি SNAP উপযুক্ত হতে পারেন বা আপনার SNAP সুবিধার পরিমাণ বৃদ্ধি পেতে পারে। আপনি ভবিষ্যতে যে কোনো সময় এই খরচ রিপোর্ট / যাচাই করতে পারেন। তারপর পরিবর্তন রিপোর্টের নিয়ম অনুসারে (উপরে পরিবর্তন রিপোর্ট দেখুন), ভবিষ্যত মাসগুলিতে SNAP সুবিধা হিসাবের সময় এই কর্তন প্রয়োগ করা হবে।

এই আবেদনপত্রের গাঢ় অংশগুলিতে লিখবেন না।

সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম অনুমোদিত প্রতিনিধি – আপনি আপনার পরিবারের পরিপ্রেক্ষিত জানেন এমন কাউকে আপনার জন্য সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (SNAP) সুবিধা আবেদন করার জন্য অনুমোদিত করতে পারে। আপনি আপনার জন্য SNAP সুবিধা পেতে বা তা ব্যবহার করে আপনার জন্য খাবার কেনার জন্য কাউকে অনুমোদিত করতে পারেন। আপনি যদি কাউকে অনুমোদিত করতে চান তবে আপনাকে অবশ্যই লিখিতভাবে এটি করতে হবে। আপনি অবিলম্বে কোনো ব্যক্তির নাম, ঠিকানা এবং ফোন নম্বর নিচে প্রদান করে এবং এই আবেদনের শেষে স্বাক্ষর করে তাকে অনুমোদিত করতে পারেন। যখন কোন অনুমোদিত প্রতিনিধি SNAP পরিবারের পক্ষ থেকে আবেদন করে যারা কোন প্রতিষ্ঠানে বাস করে না, তখন অনুমোদিত আবেদনকারী এবং পরিবারের একজন দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক সদস্য উভয়ই এই আবেদনটির শেষে স্বাক্ষর বিভাগে স্বাক্ষর এবং তারিখ প্রদান করবেন, যদি না SNAP পরিবার লিখিতভাবে অনুমোদিত প্রতিনিধিকে তা করার অনুমতি প্রদান করে।

নাম, ঠিকানা এবং অনুমোদিত প্রতিনিধির ফোন নম্বর (অনুগ্রহ করে প্রদান করুন):

স্বাভাবিক ইউটিলিটি বরাদ্দ – আমি বুঝি যে পাবলিক অ্যাসিস্টেন্স এবং সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (SNAP) প্রাপকরা আলাদাকরে হোম এনার্জি সহায়তা প্রোগ্রাম (HEAP) এর জন্য যোগ্য। আমি এটাও বুঝি যে যদি আমি বর্তমান মাসে বা গত 12 মাসে 20 মার্কিন ডলারের বেশি HEAP সুবিধা না পাই, বা একটি সমমানের এনার্জি সহায়তা না পাই, আমাকে আমার ভাড়া থেকে আলাদাভাবে তাপ বা শীতাতপ নিয়ন্ত্রণের খরচ দিতে হবে যদি আমি SNAP-এর জন্য (একটি কর্তনের মতো) স্বাভাবিক হিটিং/কুলিং ইউটিলিটি বরাদ্দ চাই। আমি বুঝি যে আমার বাড়ির এনার্জি বিক্রেতাদের সাথে HEAP প্রাপ্তি যাচাই করার জন্য স্টেট আমার সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহার করবে। এই অনুমোদনের মধ্যে আমার বাড়ির বিদ্যুৎ বিক্রেতাদের (আমার ইউটিলিটি সহ) কোন নির্দিষ্ট পরিসংখ্যানগত তথ্য প্রকাশ করার অনুমতি রয়েছে, তবে আমার বার্ষিক বিদ্যুত ব্যবহার, বিদ্যুৎ খরচ, জ্বালানী খরচ, জ্বালানি প্রকার, বার্ষিক জ্বালানী খরচ এবং অর্থ প্রদানের ইতিহাস সহ কম আয় হোম এনার্জি সহায়তা প্রোগ্রাম কর্মক্ষমতা পরিমাপের উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও স্থায়ীত্ব সহায়তা, স্থানীয় সামাজিক পরিষেবা জেলা এবং মার্কিন যুক্তরাষ্ট্র স্বাস্থ্য ও মানব সেবা বিভাগ।

মেডিক্যাল তথ্য প্রকাশ – আমি আমার সম্পর্কে এবং আমার পরিবারের যাদের জন্য আমি সম্মতি দিতে পারি তাদের যেকোনো মেডিকেল তথ্য প্রকাশ করার জন্য প্রাথমিক যত্ন প্রদানকারী, অন্য কোন স্বাস্থ্য সেবা প্রদানকারী বা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (DOH), আমার স্বাস্থ্য পরিকল্পনা ও স্বাস্থ্য সেবা প্রদানকারী যারা আমার স্বাস্থ্য পরিকল্পনা অনুযায়ী প্রয়োজনমতো আমার বা আমার পরিবারের স্বাস্থ্য সুরক্ষার দায়িত্বে আছে তাদেরকে সম্মতি দিচ্ছি; আরো সম্মতি দিচ্ছি আমার স্বাস্থ্য পরিকল্পনাকে ও স্বাস্থ্য সেবা প্রদানকারীকে মেডিকেইড প্রশাসনের জন্য DOH ও অন্যান্য অনুমোদিত ফেডারেল, স্টেট্ এবং স্থানীয় এজেন্সিকে প্রদানের জন্য; এবং আমার স্বাস্থ্য পরিকল্পনাকে অন্য ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদানের জন্য যদি তা আমার চিকিৎসা, পেমেন্ট বা স্বাস্থ্যসেবার জন্য যুক্তিসঙ্গতভাবে প্রয়োজন হয়। আমি আমার এবং আমার পরিবারের যে সদস্যের জন্য আমি আইনগতভাবে অনুমোদন দিতে পারি তাদের স্বাস্থ্য সংক্রান্ত সম্পর্কিত তথ্য প্রকাশ করার অনুমতি প্রদান করছি সহায়তা ও সেবা পাওয়ার জন্য এবং কর্মকাণ্ডে আমার অংশগ্রহণের সুযোগের জন্য, অনুমতি দিচ্ছি OTDAকে, নিউ ইয়র্ক স্টেট্ অফিস অব চাইল্ড অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসকে বা স্থানীয় সামাজিক সেবা জেলাকে, যদি তা পাবলিক অ্যাসিস্টেন্স সুবিধা পাওয়ার জন্য যুক্তিসঙ্গতভাবে প্রয়োজন হয়; সেবা বা চাইল্ড কেয়ার এর জন্য; যথাযথ কার্যকলাপ বরাদ্দ নির্ধারণের জন্য; সম্পূরক সুরক্ষা আয় সুবিধা প্রয়োগ প্রয়োজন কিনা তা নির্ধারণের জন্য; নিয়োগযোগ্যতা পুনরুদ্ধারের জন্য উপযুক্ত চিকিৎসা পরিকল্পনা প্রতিষ্ঠার জন্য; এবং স্টেট থেকে নগদ অর্থ সহায়তা পাওয়ার ষাট মাসের সীমাবদ্ধতার ক্ষেত্রে ছাড়ের যোগ্যতা নির্ধারণের জন্য। সামাজিক নিরাপত্তা প্রশাসনের দ্বারা পরিচালিত সুবিধার জন্য আবেদন করার প্রয়োজন হলে, উপরে উল্লেখিত তথ্য সামাজিক নিরাপত্তা প্রশাসনকে দেওয়া যেতে পারে। এছাড়াও আমি সম্মত হচ্ছি যে আমার বা আমার পরিবারের প্রকাশিত তথ্যে এইচ আই ভি, মানসিক স্বাস্থ্য বা অ্যালকোহল এবং মাদক সংক্রান্ত তথ্য থাকতে পারে আইনের সীমার মধ্যে থেকে, যদি না আমি নিচের বাক্সে টিক দিয়ে থাকি। যদি পরিবারের মধ্যে একাধিক প্রাপ্তবয়স্ক ব্যক্তি মেডিকেইড স্বাস্থ্য পরিকল্পনায় যোগদান করে, তবে তথ্য প্রকাশের সম্মতি দেওয়ার জন্য প্রত্যেক প্রাপ্তবয়স্কের স্বাক্ষর প্রয়োজন। আমি বুঝি যে যে কোনও অপ্রাপ্তবয়স্ক সন্তানের সাথে সম্পর্কিত তথ্য প্রকাশের জন্য আমি সেই সম্মতি দিতে পারি যার মাধ্যমে আমি তাদের চিকিৎসা, রোগনির্ণয় এবং প্রক্রিয়ার ব্যাপারে তাদের হয়ে জানতে পারি।

_____ এইচ আই ভি / এইডস তথ্য প্রকাশ করবেন না _____ মাদক ও অ্যালকোহল তথ্য প্রকাশ করবেন না
_____ মানসিক স্বাস্থ্য তথ্য প্রকাশ করবেন না

স্বাস্থ্য সেবা প্রদানকারীর তথ্য প্রকাশ – আমি সামাজিক সেবা জেলা এবং নিউ ইয়র্ক স্টেটকে অনুমতি দিচ্ছি যে তারা সামাজিক সেবা প্রদানকারীদের আমার তথ্য দিতে পারবে, আমি বা আমি আইনগত অনুমোদন দিতে পারি আমার পরিবারের এমন সদস্যের PA সুবিধার ব্যাপারে, এই উদ্দেশ্যে যে আমার স্বাস্থ্যসেবা ও সার্বিক ভালো থাকার উন্নয়ন হবে এবং আমি বা আমার পরিবার আরো অতিরিক্ত সুবিধা পাওয়ার অধিকারী হতে পারি।

শিক্ষাগত রেকর্ড প্রকাশ – আমি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড সামাজিক সেবা জেলাকে অনুমতি দিচ্ছি: 1) আমার এবং/অথবা আমার অপ্রাপ্তবয়স্ক সন্তানের (দের) শিক্ষাগত রেকর্ড সম্পর্কিত কোন তথ্য প্রাপ্তি, এখানে প্রয়োজনীয় তথ্য সহ স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষামূলক সেবার জন্য মেডিকেইড অর্থ ফেরত দাবি করার জন্য; এবং 2) শুধু অডিটের উদ্দেশ্য এই তথ্য উপযুক্ত ফেডারেল সরকার সংস্থাকে প্রদান করতে পারবে।

আর্লি ইন্টারভেনশন প্রোগ্রামের জন্য তথ্য প্রকাশ – যদি আমার সন্তানের নিউ ইয়র্ক স্টেট আর্লি ইন্টারভেনশন প্রোগ্রামে মূল্যায়িত হয় বা অংশগ্রহণ করে, তবে আমি আমার কাউন্টি বা মিউনিসিপ্যালকে আমার সন্তানের মেডিকেইড যোগ্যতা তথ্য প্রদানকরার জন্য সামাজিক সেবা জেলা এবং নিউইয়র্ক স্টেটকে অনুমতি দিচ্ছি।

শিশু / কিশোর স্বাস্থ্য প্রোগ্রাম – আমি বুঝি যে আমার সন্তান যদি মেডিকেইডে থাকে তবে তারা শিশু/কিশোর স্বাস্থ্য প্রোগ্রামের মাধ্যমে সমস্ত প্রয়োজনীয় চিকিৎসাসহ ব্যাপক প্রাথমিক ও প্রতিরোধমূলক যত্ন পেতে পারে। আমি সামাজিক সেবা জেলা থেকে এই প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্য পেতে পারি।

মেডিকেয়ার – আমি মেডিকেয়ারের জন্য যোগ্য থাকাকালীন আমাকে প্রদত্ত চিকিৎসা ও অন্যান্য স্বাস্থ্যসেবাগুলির জন্য ভবিষ্যতের যেকোনো অপরিশোধিত বিলগুলির সরাসরি "মেডিকেয়ার" (শিরোনাম XVIII, সম্পূরক মেডিকেল বীমা প্রোগ্রামের অংশ B)-এর অধীনে আমাকে যে অর্থ প্রদান করা হবে তা দিয়ে পরিশোধিত যে আমি এই অনুমোদন দিচ্ছি।

মেডিক্যাল ব্যয় ফেরত

মেডিকেইড – আপনার মেডিকেইড আবেদনের অংশ হিসাবে, অথবা আপনার আবেদন তারিখের দুই বছরের মধ্যে, আপনাকে দেওয়ার কথা এমন মেডিক্যাল খরচ, সেবা এবং সরবরাহের জন্য আপনার আবেদনের পূর্বের তিন মাস সময়কালের মধ্যে আপনি যেই খরচ করেছেন সেই অর্থ ফেরত দেওয়ার অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনার আবেদনের তারিখের পর থেকে, চিকিৎসাসেবা, সেবা ও সরবরাহের ক্ষতিপূরণ কেবল মেডিকেইড-তালিকাভুক্ত প্রদানকারীর কাছ থেকে নিলেই পাওয়া যাবে।

বীমার অ্যাসাইনমেন্ট/অন্যান্য সুবিধা এবং সরাসরি পেমেন্ট – পাবলিক অ্যাসিস্টেন্স এবং মেডিকেইডের জন্য, আমি স্বাস্থ্য বা দুর্ঘটনা বীমা সুবিধার জন্য কোনো দাবি দাখিল করতে এবং কোনো ব্যক্তিগত আঘাত বা অন্য কোন সংস্থান যার অধিকারী আমি হতে পারি তার আনুষ্ঠানিক দাবি করতে সম্মত হচ্ছি, এবং এভাবে প্রাপ্ত সব সম্পদ সেই সামাজিক সেবা জেলার কাছে অর্পণ করছি যাদের কাছে আমি এই আবেদনপত্রটি পেশ করছি। পাশাপাশি, আমি সেই সামাজিক সেবা জেলাকে এইসব সুবিধা পেতে সাহায্য করবো যাদের কাছে আমি এই আবেদনপত্রটি পেশ করছি।

আমরা যতদিন মেডিকেইদের জন্য উপযুক্ত থাকবো, আমি অনুমোদন করছি যে স্বাস্থ্য বা দুর্ঘটনা বীমার যেসব সুবিধা আমি বা আমার পরিবারের সদস্য পেতে পারে তা সরাসরি মেডিক্যাল এবং অন্যান্য স্বাস্থ্য সেবার জন্য যথাযথ সামাজিক সেবা জেলাকে প্রদান করা হবে।

মেডিকেইড পুনরুদ্ধার – মেডিকেইড প্রাপ্তির পরে, যদি আপনি কোনো মেডিক্যাল ইন্সিটিউটে থাকেন এবং বাড়ি ফিরতে না পারেন তাহলে বিশেষ ক্ষেত্রে একটি পূর্বস্বত্ব জারি করা হতে পারে এবং আমার রিয়েল এস্টেট থেকে অর্থ পুনরুদ্ধার করা হতে পারে। আপনার পক্ষ থেকে পরিশোধিত MA সেই ব্যক্তিদের কাছ থেকে উদ্ধার করা যেতে পারে যারা চিকিৎসা সহায়তা পাওয়ার সময় আইনগতভাবে আপনাকে সমর্থন করার দায়িত্বে ছিল। এছাড়াও MA সেবা খরচ এবং ভুলভাবে পরিশোধিত প্রিমিয়াম পুনরুদ্ধার করতে পারে।

আমি বুঝি যে, 1 এপ্রিল, 2014 কার্যকর হবে এই যে যদি আমি নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের মাধ্যমে মেডিকেইড পাই:

- আমার মৃত্যুর পূর্বে আমার বাস্তব সম্পত্তির উপর কোনো দাবি স্থাপন করা হবে না।
- আমার মৃত্যুর পরে আমার সম্পত্তির থেকে পুনরুদ্ধারকৃত অর্থ আমার 55তম জন্মদিনে বা তা পরে নার্সিং হোম কেয়ার, হোম এবং কমিউনিটি-ভিত্তিক সেবা, এবং সম্পর্কিত হাসপাতাল এবং প্রেসক্রিপশন ড্রাগ সেবার জন্য মেডিকেইড যে ব্যয় করবে সেই পরিমাণে সীমিত থাকবে।

পাবলিক অ্যাসিস্টেন্স পুনরুদ্ধার – আপনি নিজের জন্য এবং যাদের সমর্থন করার জন্য আপনি আইনত দায়বদ্ধ তাদের জন্য যে পাবলিক অ্যাসিস্টেন্স পাবেন তা আপনার সম্পত্তি বা অর্থ থেকে পুনরুদ্ধারযোগ্য। PA প্রাপ্তির শর্ত হিসাবে আপনাকে আপনার মালিকানাধীন রিয়েল এস্টেটের চুক্তিবা বন্ধকীর কাজ সম্পন্ন করার প্রয়োজন হতে পারে। আপনার কর রিফান্ড এবং লটারি জয়ের টাকা PA-এর কাছে আপনার যে ঋণ তা পরিশোধের জন্য নেওয়া হতেপারে।

রেট্রোএক্টিভ সম্পূরক নিরাপত্তা আয় হতে পাবলিক অ্যাসিস্ট্যান্সের সুবিধাগুলো আদায় করার অনুমোদন – আমি সামাজিক নিরাপত্তা প্রশাসনের কমিশনার (SSA)কে আমার সম্পূরক নিরাপত্তা আয়ের (SSI) প্রথম পারিশ্রমিক, উদাহরণস্বরূপ, আমার রেট্রোএক্টিভ সম্পূরক নিরাপত্তা আয়ের পারিশ্রমিক) ব্যবহার করার অনুমোদন দিচ্ছি; পাবলিক অ্যাসিস্ট্যান্সের (PA) জন্য লোকাল সামাজিক সেবামূলক জেলাগুলোকে তার প্রাপ্য বুঝিয়ে দেয়ার জন্য আমি সম্পূরক নিরাপত্তা আয়ের যোগ্য কিনা তা নিয়ে সামাজিক নিরাপত্তা প্রশাসন সিদ্ধান্ত নেওয়ার পর সামাজিক সেবামূলক জেলাগুলো আমাকে রাষ্ট্র বা লোকাল ফান্ড থেকে পারিশ্রমিক প্রদান করে। আমার ফেডারেল তহবিল ব্যবহার করে PA কে যে পারিশ্রমিক দেওয়া হয়েছিল SSA সেটা SSD-কে ফেরত দিবে না।

যদি শুধু স্টেট SSA কে বিজ্ঞপ্তি প্রদান করে যাতে আমি এবং একজন SSD প্রতিনিধি স্বাক্ষর করেছেন তবেই আমি এই কর্তৃপক্ষের কাছে বাধ্য থাকবো। স্টেটকে আমার SSI তথ্যের সাথে স্টেটের তথ্য মিলিয়ে 30 ক্যালেন্ডার দিনের মধ্যে বিজ্ঞপ্তি প্রদান করতে হবে। 30 ক্যালেন্ডার দিবসের পর SSA এটা গ্রহণ করবে না। তার পরিবর্তে, SSA আমার রেট্রোএক্টিভ SSI পারিশ্রমিক SSA নিয়ম অনুযায়ী আমাকে পাঠিয়ে দিবে।

শুধু আমার প্রথম SSI পারিশ্রমিক ব্যবহার করা যাবে। যদি আমার প্রথম পারিশ্রমিক SSD এর প্রাপ্য হতে বেশি হয়, SSA তার নিয়ম অনুযায়ী বাকি অংশ আমাকে ফেরত পাঠাবে।

SSD কে SSA দুইভাবে তার প্রাপ্য বুঝিয়ে দিতে পারে:

(1) যদি আমি SSI এর জন্য আবেদন করি এবং SSA আমাকে যোগ্য মনে করে তবে তা SSD কে পরিশোধ করবে।
(2) যদি আমার SSI সুবিধাগুলো বাতিল অথবা সাসপেনশনের পর পুনরায় প্রতিষ্ঠিত হয়, তবে তা SSD কে পরিশোধ করবে।

PA এর জন্য আমাকে যা পরিশোধ করা হয়েছিল SSA তা SSD কে শুধু তখনই প্রদান করবে যখন আমি SSA এর পক্ষ হতে যোগ্য কিনা তা বিবেচিত হওয়ার জন্য অপেক্ষা করতে থাকবো। একে বলে "অন্তর্বর্তী সহায়তা"। এ অধ্যায় শুরু হয়: 1) আমি SSI সুবিধা ভোগের জন্য সনাক্ত হওয়ার প্রথম মাসে; অথবা 2) আমার SSI সাসপেন্ড বা বাতিল হওয়ার পর পুনরায় চালু হওয়ার প্রথম দিনে। SSI পারিশ্রমিক যে মাস থেকে শুরু হয় সেটা সময়কালে অন্তর্ভুক্ত থাকে। যদি SSD আমার শেষ PA পারিশ্রমিক দিতে না পারে, আগামী মাসে সময়কাল শেষ হয়ে যাবে।

SSD কে SSA এর পরিশোধ করার 10 দিনের মধ্যেই, আমাকে SSD এর অবশ্যই একটি বিজ্ঞপ্তি পাঠিয়ে অন্তর্বর্তী সহায়তা পারিশ্রমিকের পরিমাণ জানিয়ে দিয়ে হবে। বিজ্ঞপ্তিতে আরও বলা থাকবে যে SSA আমাকে একটি চিঠি পাঠিয়ে জানিয়ে দিবে যে আমার অতিরিক্ত প্রাপ্য SSI অর্থ SSA আমাকে কিভাবে পাঠিয়ে দিবে এবং যদি আমি স্টেটের কোনো এক রায়ের সাথে একমত না হই, আমি কিভাবে স্টেটকে তার জন্য আবেদন জানাতে পারি।

SSA তার নিজস্ব নিয়ম অনুযায়ী আমি যে তারিখে এই অনুমোদনে স্বাক্ষর করেছি সে তারিখকে আমার SSI এর জন্য প্রথম যোগ্য হওয়ার তারিখ হিসেবে ব্যবহার করতে পারে। শুধু যদি আমি 60 দিনের মধ্যে SSI এর জন্য আবেদন জানাই তাহলেই সে তা করবে।

এই অনুমোদন SSAপূর্বে আমার অপেক্ষমাণ যেকোন SSI আবেদন বা আপীলের জন্য প্রযোজ্য। যদি আমার SSI কেস সম্পূর্ণভাবে বাতিল হয় তাহলে এই অনুমোদন বাতিল হয়ে যাবে। যখন SSA আমাকে প্রথমবারের মতন পারিশ্রমিক প্রদান করবে তখন এটা বাতিল হয়ে যাবে। স্টেট এবং আমিও এই অনুমোদন বাতিল করতে একমত হতে পারি। যদি এই অনুমোদন বাতিল হওয়ার পর আমি পুনরায় SSI এর জন্য আবেদন করি, বা আমি যদি একটি SSI আবেদন বা আপীল থাকা অবস্থায় একটি নতুন SSI এর দাবি জানাই, তাহলে আমাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট নিয়মসহ নতুন একটি অনুমোদন স্বাক্ষর করতে হবে।

যদি আমি পরিশোধ সংক্রান্ত বিষয়ে SSD এর সিদ্ধান্তের বিপরীতে মতামত প্রকাশ করি তাহলে আমাকে একটি শুনানির একটি ন্যায্য সুযোগ করে দেওয়া হবে।

আমি একটি পুস্তিকার কপি পেয়েছি যাতে বলা আছে "আপনার কেন সামাজিক সেবামূলক কর্মসূচি সম্বন্ধে জানা উচিত"। এখানে অন্তর্বর্তী সহায়তা সম্বন্ধে কি বলা আছে আমি তা বুঝতে পেরেছি।

সহায়তা – পারিবারিক সহায়তা (FA), সেফটি নেট সহায়তা (SNA) বা টাইটেল ফোর-ই প্রতিপালনের জন্য আবেদন করা বা গ্রহণ করা স্টেটে এবং যেকোনো অধিকার সংক্রান্ত সামাজিক সেবামূলক জেলাগুলোতে এক ধরণের কর্তব্য হিসেবে বিবেচিত হয় যা কোনো মানুষ হতে আবেদনকারী বা গ্রহণকারী তাদের নিজ অধিকারে প্রাপ্য অথবা পরিবারের অন্য কোনো সদস্যের জন্য যার কাছে আবেদনকারী বা গ্রহণকারী সহায়তার আবেদন জানাচ্ছেন, বা গ্রহণ করছেন (সামাজিক সেবামূলক আইন, সেকশন 158 এবং 348)। এই অ্যাসাইনমেন্ট নির্দিষ্ট পরিস্থিতিতে সীমাবদ্ধ। এই আবেদনপত্রের অন্যান্য সেকশনে অতিরিক্ত অ্যাসাইনমেন্ট রয়েছে।

সমর্থন অধিকারে অ্যাসাইনমেন্ট – আমি স্টেট এবং সামাজিক সেবা জেলার কাছে আমার ও আমার পরিবারের সদস্যদের, যাদের জন্য আমি সমর্থন প্রাপ্ত হচ্ছি বা সমর্থনের জন্য আবেদন করছি, যেসব ব্যক্তির কাছ থেকে সমর্থন পাওয়ার অধিকার রয়েছে তা অর্পণ করছি। পারিবারিক সহায়তা বা সেফটি নেট সহায়তা আবেদন করার সময়, সমর্থন অধিকারে আমার অ্যাসাইনমেন্ট সেই সময়ে সীমাবদ্ধ থাকবে যখন আমি এবং/অথবা পরিবারের সহায়তা পাবে। তবে, আমার বা আমার পরিবারের যে সমর্থন অধিকার আমি 1 অক্টোবর, 2009 এর পূর্বে স্টেটকে দিয়েছি তা স্টেটেরই থাকবে।

হোম এনার্জি সহায়তা প্রোগ্রাম (HOME ENERGY ASSISTANCE PROGRAM, HEAP) – আমি বুঝি যে এই আবেদন/সার্টিফিকেশন স্বাক্ষর করার মাধ্যমে, আমি আমার প্রদত্ত যেকোনো তথ্য যাচাই তদন্তের সম্মতি দিচ্ছি এবং HEAP সুবিধার সাথে সম্পর্কিত অনুমোদিত সরকারি এজেন্সি দ্বারা করা অন্য যেকোনো তদন্তের জন্যও সম্মতি দিচ্ছি। আবহাওয়া সহায়তা প্রোগ্রাম এবং আমার ইউটিলিটি কোম্পানির নিম্ন আয় প্রোগ্রামের রেফারেলের জন্য এই তথ্য ব্যবহার করার জন্যও আমি সম্মতি প্রদান করছি।

আমি বুঝি যে আমার বাড়ির এনার্জি বিক্রেতাদের সাথে HEAP প্রাপ্তি যাচাই করার জন্য স্টেট আমার সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহার করবে। এই অনুমোদনের মধ্যে আমার বাড়ির বিদ্যুৎ বিক্রেতাদের (আমার ইউটিলিটি সহ) কোন নির্দিষ্ট পরিসংখ্যানগত তথ্য প্রকাশ করার অনুমতি রয়েছে, তবে আমার বার্ষিক বিদ্যুত ব্যবহার, বিদ্যুৎ খরচ, জ্বালানী খরচ, জ্বালানি প্রকার, বার্ষিক জ্বালানী খরচ এবং অর্থ প্রদানের ইতিহাস সহ কম আয় হোম এনার্জি সহায়তা প্রোগ্রাম কর্মক্ষমতা পরিমাপের উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও স্থায়ীত্ব সহায়তা, স্থানীয় সামাজিক পরিষেবা জেলা এবং মার্কিন যুক্তরাষ্ট্র স্বাস্থ্য ও মানব সেবা বিভাগ।

যৌন হয়রানির তথ্য – আপনি যদি যৌন হয়রানির শিকার হন,আপনার অধিকার আছে সামাজিক সেবা জেলা থেকে রেফারেল তথ্য অনুরোধ করার। আপনি যদি রেফারেল তথ্য অনুরোধ করেন,সামাজিক সেবা জেলা আপনাকে ঠিকানা ও ফোন নম্বর দিতে বাধ্য থাকবে: 1)স্থানীয় হাসপাতাল যেখানে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য অধিদপ্তর এর সনদপ্রাপ্ত ফরেনসিক পরীক্ষক সেবা প্রদান করে; 2)স্থানীয় ধর্ষণ সঙ্কট কেন্দ্র; এবং 3) যৌন হয়রানির শিকারদের জন্য যথাযথ স্থানীয় অ্যাডভোকেসি, কাউন্সেলিং, এবং হটলাইন সেবা। পাশপাশি, সামাজিক সেবা জেলা আপনাকে নিউ ইয়র্ক স্টেট যৌন হয়রানি ও গৃহ নির্যাতন হটলাইনের নম্বর দিতে বাধ্য। (800) 942-6906 এবং (800) 818-0656 (TTY)।

সন্তানের ভরণপোষণ সহায়তার জন্য সনদ – যদি আমি সন্তানের ভরণপোষণ সহায়তার জন্য আবেদন করি, তাহলে আমি নিশ্চিত করছি যে আমার পারিবারিক সংস্থান 1,000,000 মার্কিন ডলার অতিক্রম করে না।

আমি উপরের নোটিশটি পড়েছি ও বুঝেছি। আমি উপরের অ্যাসাইনমেন্ট, অনুমোদন এবং সম্মতি বুঝি এবং এর সাথে একমত। প্রতারণার দন্ডের অধীনে আমি শপথ এবং/ অথবা নিশ্চিত করছি যে সামাজিক সেবা জেলার কাছে আমি যে তথ্য প্রদান করেছি বা করবো তা সম্পূর্ণ এবং সঠিক।			
আবেদনকারীর স্বাক্ষর x	**স্বাক্ষরে তারিখ**	**স্বামী/স্ত্রী বা রক্ষাকারী প্রতিনিধির স্বাক্ষর** x	**স্বাক্ষরের তারিখ**
অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর x	**স্বাক্ষরে তারিখ**		

নিচের অংশ শুধু তখনই পূরণ করবেন যদি আপনি এক বা একাধিক প্রোগ্রাম থেকে আপনার আবেদন প্রত্যাহার করতে চান।

আমি যার জন্য আমার আবেদন প্রত্যাহার করতে সম্মত হচ্ছি:

☐ **পাবলিক অ্যাসিসটেন্ট (PA)** ☐ **PA-এর পরিবর্তে চাইল্ড কেয়ার** ☐ **সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (SNAP)** ☐ **মেডিকেইড এবং SNAP**

☐ **মেডিকেইড এবং PA** ☐ **সেবা, ফস্টার কেয়ার অন্তর্ভুক্ত** ☐ **চাইল্ড কেয়ার সহায়তা** ☐ **শুধু জরুরি সাহায়তা**

আমি বুঝি যে আমি যে কোনো সময় পুনরাবেদন করতে পারবো।

আবেদনকারী/অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর **স্বাক্ষরের তারিখ**

x

NYS সংস্থা ভিত্তিক ভোটার নিবন্ধন ফর্ম

"আপনি বর্তমানে যেখানে বসবাস করেন সেখানে ভোটদানের জন্য আপনি নাম নথিভুক্ত করে না থাকলে, আপনি কি আজ এখানে নাম নথিভুক্ত করানোর জন্য আবেদন করতে চান?"

☐ **হ্যাঁ** আপনি **হ্যাঁ** বললে, অনুগ্রহ করে নীচের **ভোটার নিবন্ধন আবেদন** সম্পূর্ণ করুন

☐ **না** কারণ আমি নিবন্ধন না করা বেছে নিয়েছি ***অথবা***

☐ আমি আমার বর্তমান ঠিকানা ইতিমধ্যেই নিবন্ধন করিয়েছি ***অথবা***

☐ আমি একটি মেল নিবন্ধন পত্র চেয়েছিলাম এবং তা পেয়েছি

আপনি কোনো বক্সে টিক চিহ্ন না দিয়ে থাকলে, ধরে নেওয়া হবে যে আপনি এই বারে ভোটদানের জন্য নাম নিবন্ধন করবেন না বলে স্থির করেছেন।

স্বাক্ষর _____ তারিখ ___ / ___ / ___

অনুগ্রহ করে নাম প্রিন্ট করুন _____

গুরুত্বপূর্ণ!

ভোটদানের জন্য নিবন্ধনে আবেদন করা বা নিবন্ধন করতে না চাওয়া এই এজেন্সি কর্তৃক আপনাকে দেওয়া সহায়তার পরিমাণের উপর কোনো প্রভাব ফেলবে না।

ভোটার নিবন্ধনের আবেদনপত্র পূরণ করতে আপনার কোনো সহায়তার প্রয়োজন হলে, আমরা আপনাকে সাহায্য করব। সহায়তা আপনি চাইবেন কিনা বা নেবেন কিনা তা আপনার নিজস্ব ব্যাপার। আপনি ব্যক্তিগতভাবেও পত্রটি পূরণ করতে পারেন।

Información en español: si le interesa obtener este formulario en español, llame al 1-800-367-8683

中文資料：若您有興趣索取中文資料表格，請電：1-800-367-8683

한국어: 한국어 한국어 양식을 원하시면 1-800-367-8683 으로 전화 하십시오.

যদি আপনি এই ফর্মটি বাংলা ভাষায় চান, তাহলে 1-800-367-8683 নম্বরে ফোন করুন

সংস্করণ দিনাঙ্ক 7/22/2020

ভোটার নিবন্ধন আবেদন (পিছনের দিকে নির্দেশাবলী দেওয়া আছে)

☐ হ্যাঁ, আমার অনুপস্থিতি ব্যালটের জন্য আবেদন প্রয়োজন

অনুগ্রহ করে নীল অথবা কালো কালিতে লিখুন অথবা টাইপ করুন

☐ হ্যাঁ, আমি নির্বাচন দিনের কর্মী হতে ইচ্ছুক

For Board Use Only

1 **আপনি কি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক?** ☐ **হ্যাঁ** ☐ **না**

আপনার উত্তর **না** হলে, এই ফর্মটি পূরণ করবেন না

2 **A) নির্বাচনের দিনের মধ্যে বা তার আগে আপনি কি 18 বছর পূর্ণ করবেন?** ☐ **হ্যাঁ** ☐ **না**

B) আপনি কি অন্তত 16 বছর বয়সী এবং বোঝেন যে ভোট দেওয়ার জন্য নির্বাচনের দিনে বা তার আগে আপনাকে অবশ্যই 18 বছর বয়সী হতে হবে এবং এরকম নির্বাচনের সময় আপনার বয়স আঠারো না হওয়া পর্যন্ত আপনার রেজিস্ট্রেশন "অমীমাংসিত" থাকবে এবং আপনি কোনও নির্বাচনে ভোট দিতে পারবেন না? ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি আগের দুটি প্রশ্নের আপনার উত্তর **না** হয়, আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন না।

3 পদবি | নাম | মাঝের মাঝের নাম | আদ্যক্ষর

4 আপনার বসবাসের ঠিকানা (পোস্ট বক্স নম্বর দেবেন না) | অ্যাপার্টমেন্ট নং | নগর/শহর/গ্রাম | জিপ কোড | দেশ

5 আপনার মেল পাওয়ার ঠিকানা (উপরের ঠিকানার থেকে আলাদা হলে) | পোস্ট বক্স, স্টার রুট, ইত্যাদি | পোস্ট অফিস | জিপ কোড

6 জন্ম তারিখ | **7** লিঙ্গ (ঐচ্ছিক) | **8** টেলিফোন (ঐচ্ছিক) | ইমেল (ঐচ্ছিক)

10 আপনার ভোট দেওয়া শেষ বছর | আপনার ঠিকানা ছিল (হাউস নম্বর, স্ট্রীট এবং শহর উল্লেখ করুন)

কাউন্টি/রাজ্য | নামের নীচে (আপনার এখনকার নামের থেকে আলাদা হলে)

9 **আইডি নম্বর** (প্রযোজ্য বক্সে টিক দিন এবং আপনার নম্বর প্রদান করুন)

☐ নিউ ইয়র্ক স্টেট DMV নম্বর — — — — — — — — —

☐ আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ চারটি সংখ্যা — — — —

☐ আমার কোনো নিউ ইয়র্ক স্টেট DMV বা সামাজিক নিরাপত্তা নম্বর নেই

11 **রাজনৈতিক দল**

আমি একটি রাজনৈতিক দলে নাম লেখাতে চাই

☐ ডেমোক্র্যাটিক পার্টি
☐ রিপাবলিকান পার্টি
☐ কনজারভেটিভ পার্টি
☐ ওয়ার্কিং ফ্যামিলি পার্টি
☐ গ্রীন পার্টি
☐ লিবারটেরিয়ান পার্টি
☐ ইনডিপেন্ডেন্স পার্টি
☐ SAM পার্টি
☐ অন্যান্য _____

আমি কোনও রাজনৈতিক পার্টির সঙ্গে নিবন্ধিত হতে চাই না এবং একজন স্বাধীন ভোটার হতে ইচ্ছুক

☐ কোনো পার্টি নয়

12 **হলফনামা: আমি শপথ করছি বা দৃঢ়ভাবে বলছি**

- আমি একজন মার্কিন নাগরিক।
- আমি নির্বাচনের পূর্বে কমপক্ষে 30 দিন কাউন্টি, শহর বা গ্রামে বসবাস করব।
- নিউ ইয়র্ক স্টেটে ভোটদানে নিবন্ধীকৃত হতে আমি সকল প্রয়োজনীয়তা পূরণ করব।
- এই লাইনের নীচে এটি আমার স্বাক্ষর অথবা চিহ্ন।
- উপরের তথ্যগুলি সত্য, আমি অবগত আছি এই যে এটি যদি সত্য না হয়, আমি দোষী সাব্যস্ত হতে পারি এবং আমার $5,000 পর্যন্ত জরিমানা এবং/অথবা চার বছর পর্যন্ত জেল হতে পারে।

স্বাক্ষর বা কালি দিয়ে চিহ্ন _____ তারিখ ___ / ___ / ___

(ঐচ্ছিক) আপনার অঙ্গ এবং কোষ দান করতে নিবন্ধন করুন

পদবি		
নাম	মাঝের আদ্যক্ষর	সম্বোধন
ঠিকানা		
অ্যাপার্টমেন্ট নম্বর	নগর/শহর/গ্রাম	জিপ কোড
জন্ম তারিখ	লিঙ্গ ☐ মা ☐ না	
চোখের রঙ	উচ্চতা ফুট ইঞ্চি	
ইমেল	DMV বা আইডি NYC নম্বর	

নিচে স্বাক্ষর করে, আপনি প্রত্যায়িত করছেন যে আপনি:

- আপনার বয়স 16 বছর বা তার বেশি
- আপনার সকল অঙ্গ এবং কোষ প্রতিস্থাপন, গবেষণা অথবা উভয়ের জন্য দান করায় আপনি সম্মত আছেন;
- NYS ডোনেট লাইফ রেজিস্ট্রি (Donate Life Registry) তে নথিভুক্তকরণের জন্য নির্বাচন বোর্ডকে আপনার নাম ও শনাক্তকরণ তথ্য প্রদান করার অনুমতি দিচ্ছেন;
- এবং আপনার মৃত্যুর পর রেজিস্ট্রিকে যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রিত অঙ্গ প্রতিস্থাপনকারী সংস্থা এবং NYS এর লাইসেন্স প্রাপ্ত টিস্যু এবং আই ব্যাঙ্ক এবং NYS কমিশনার অফ হেলথ (NYS Commissioner of Health) দ্বারা অনুমোদিত অন্যান্যদের এই তথ্য অ্যাক্সেস করার অনুমতি দিচ্ছেন।

DONATE LIFE New York State

স্বাক্ষর _____ তারিখ ___ / ___ / ___

নিবন্ধীকরণের জন্য যোগ্যতা

এই পত্রটি আপনি ব্যবহার করতে পারেন:

- নিউ ইয়র্ক স্টেটে ভোটদানে নিবন্ধীকৃত করণে;
- আপনার নাম এবং/বা ঠিকানা পরিবর্তনে, আপনার শেষ ভোটের পরে যদি কোনো পরিবর্তন হয়ে থাকে;
- রাজনৈতিক দলের সদস্য হওয়া অথবা তালিকাভুক্তকরণে পরিবর্তন;
- আপনি 16 বা 17 বছর বয়সী হন তাহলে আপনি প্রি-রেজিস্টার করতে পারেন।

নিবন্ধীকৃত হতে আপনাকে অবশ্যই হতে হবে:

- মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক;
- 18 বছর বয়সী (আপনি 16 এবং 17 বছর বয়সে পূর্ব নিবন্ধন করতে পারেন পারেন কিন্তু 18 বছর হওয়ার আগে ভোট দিতে পারবেন না);
- একটি নির্বাচনের অন্তত 30 দিন আগে কাউন্টি অথবা নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হতে হবে;
- গুরুতর অপরাধের জন্য জেলে অথবা শর্তাধীন মুক্ত অবস্থায় থাকা চলবে না (যদি না শর্তাধীন মুক্তি বা নাগরিকত্বের অধিকারের পুনরুদ্ধার হয়);
- অন্য কোথায় ভোটদানের অধিকার দাবী করা চলবে না;
- কোনো আদালত দ্বারা অযোগ্য বিবেচিত না হলে।

গুরুত্বপূর্ণ!

যদি আপনি বিশ্বাস করেন কেউ আপনার ভোটে নিবন্ধন করার বা নিবন্ধন অস্বীকার করার অধিকারে, আপনার ভোটের জন্য রেজিস্টার বা রেজিস্টারের আবেদন করার সিদ্ধান্তে আপনার গোপনীয়তার অধিকার বা আপনার নিজস্ব রাজনৈতিক দল বা অন্য রাজনৈতিক দল পছন্দ করার অধিকারে হস্তক্ষেপ করছে তাহলে আপনি নির্বাচন বোর্ডে অভিযোগ জানাতে পারেন:

NYS Board of Elections
40 North Pearl St, Suite 5
Albany, NY 12207-2729
টেলিফোন: 1-800-469-6872;
TDD/TTY ব্যবহারকারীরা নিউ ইয়র্ক স্টেট রিলে 711 তে যোগাযোগ করুন;
অথবা আমাদের ওয়েবসাইট - www.elections.ny.gov দেখুন

আপনার নিবন্ধীকরণের সিদ্ধান্তের গোপনীয়তা বজায় থাকবে এবং শুধুমাত্র ভোটদাতার নিবন্ধীকরণের জন্যই ব্যবহার করা হবে। কেউ ভোট দেওয়ার জন্য নিবন্ধন না করা বেছে নিলে এবং/বা যে অফিসে আবেদন জমা করা হয়েছে সেই অফিস সম্পর্কিত তথ্য গোপন রাখা হবে, শুধুমাত্র ভোটদাতার নিবন্ধীকরণের উদ্দেশ্যে ব্যবহার হবে।

আপনার পরিচয় যাচাই

নির্বাচনের দিনের আগে DMV নম্বর (ড্রাইভারস লাইসেন্স নম্বর অথবা নন-ড্রাইভারস আইডি নম্বর), অথবা সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ চারটি সংখ্যা, যা আপনি বক্স 9 এ পূরণ করবেন, সেটির মাধ্যমে আপনার পরিচয় যাচাই করার চেষ্টা করব।

আপনার যদি DMV অথবা সামাজিক নিরাপত্তা নম্বর না থাকে, তাহলে আপনি একটি বৈধ ফটো আইডি, একটি সাম্প্রতিক ইউটিলিটি বিল, ব্যাঙ্ক স্টেটমেন্ট, পেচেক, সরকারী চেক বা আপনার নাম ঠিকানা প্রদর্শনকারী অন্য কোনো সরকারি নথি ব্যবহার করতে পারেন। আপনি এই ফর্মটির সঙ্গে এই প্রকার আইডি-র একটি প্রতিলিপি যুক্ত করতে পারেন।

নির্বাচনের দিনের আগে আমরা যদি আপনার পরিচয় যাচাই করতে অসমর্থ হই তবে যখন আপনি প্রথমবার ভোটদান করবেন তখন আপনাকে আইডি বিষয়ে জিজ্ঞাসা করা হবে।

এই ফর্মটি পূরণ করতে:

মিথ্যা নিবন্ধীকরণ সংগ্রহ করা অথবা নির্বাচনের বোর্ডে ভুল তথ্য দেওয়া একটি অপরাধ।

বক্স 9: আপনাকে অবশ্যই একটি বেছে নিতে হবে। কোনো প্রশ্ন থাকলে, উপরে উল্লিখিত আপনার পরিচয় যাচাই করা অংশ দেখুন।

বক্স 10: আপনি যদি এর আগে ভোট না দিয়ে থাকেন তাহলে "কোনটিই নয়" লিখুন। আপনার যদি মনে না থাকে শেষবার কখন আপনি ভোটদান করেছেন তাহলে একটি প্রশ্ন চিহ্ন (?) দিন। যদি আপনি এর আগে অন্য নামে ভোট দিয়ে থাকেন তবে সেই নামটি লিখুন। যদি তা না হয়, তবে "একই" লিখুন।

বক্স 11: শুধুমাত্র একটি বক্সে টিক চিহ্ন দিন। রাজনৈতিক দলে নাম লেখানো ঐচ্ছিক, তবে কোনো রাজনৈতিক দলের প্রাথমিক নির্বাচনে ভোটদান করতে, ভোটদাতাকে অবশ্যই সেই রাজনৈতিক দলে নাম লেখাতে হবে, তবে রাজ্য দলের নিয়মে অন্য কিছু থাকলে অন্য কথা।